

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ

বাজেট পরিকল্পনা-১



## নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	মিজ ফাতিমা ইয়াসমিন সিনিয়র সচিব
সভার তারিখ	২২/১২/২০২২ খ্রি:
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	ভার্চুয়াল সভা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, SEIP, STESDF এবং IPFF-II প্রকল্পের অনলাইন সভায় সংযুক্ত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, ডিসেম্বর বিজয়ের মাস। মুক্তিযুদ্ধের চেতনাকে সব সময় ধারণ, লালন ও পালন করে অর্থনৈতিক উন্নতি অব্যাহত রাখতে হবে। বাংলাদেশ সফলতার সাথে কোভিড-১৯ মোকাবেলা করেছে এবং আন্তর্জাতিক অর্থনৈতিক প্রেক্ষাপটের পরও অর্থনীতিকে স্থিতিশীল অবস্থায় রাখতে সক্ষম হয়েছে। ব্যক্তি, সমাজ ও প্রতিষ্ঠান পর্যায়ে শুদ্ধাচার পালনের মাধ্যমে জাতীয় শুদ্ধাচার অর্জিত হবে। তিনি পারস্পরিক শ্রদ্ধাবোধ ও কর্মপরিবেশ উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন যে, অর্থ বিভাগ অটোমেশনের কাজ করেছে এবং iBAS++ দ্বারা নির্ধারিত বেতন-ভাতা, পেনশন সংক্রান্ত নিয়ম কানুন, গৃহ নির্মাণ ঋণ অটোমেশনসহ আর্থিক খাতে বহুবিধ সংস্কার করেছে এবং কতিপয় কার্যক্রম চলমান আছে। যার মাধ্যমে আর্থিক বিধিবিধান অনুসরণের মাধ্যমে শুদ্ধাচার প্রতিষ্ঠায় ভূমিকা রাখছে। পরিকল্পনা প্রণয়নের সময় জনমুখী “SMART” পরিকল্পনা গ্রহণ এবং তা যথাসময়ে বাস্তবায়ন করে Digital বাংলাদেশ থেকে SMART বাংলাদেশে রূপান্তর করতে হবে। জনগণের সেবার মানসিকতা নিয়ে সকলকে কাজ করতে হবে এবং পক্ষপাতহীন সেবা প্রদান করতে হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। সভাপতি নারী বান্ধব কর্মপরিবেশ তৈরির উপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট জনাব মুন্সী আবদুল আহাদ আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
০১.	নৈতিকতা কমিটির ৩য় সভা আগামী মার্চ- ২০২৩ মাসের ৩য় সপ্তাহের মধ্যে এবং ৪র্থ সভাটি মে-২০২৩ মাসের মধ্যে আয়োজন করতে হবে।	বাজেট ও পরিকল্পনা
০২.	নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	বাজেট ও পরিকল্পনা
০৩.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় সভাটি আগামী মার্চ- ২০২৩ মাসের ৩য় সপ্তাহের মধ্যে আয়োজন করতে হবে।	বাজেট ও পরিকল্পনা
০৪.	কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে জুন-২০২৩ এর মধ্যে ২য় সভা করে কর্মপরিবেশের যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে হবে।	প্রশাসন-৬ শাখা
০৫.	অর্থ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ফিডব্যাক সভা/কর্মশালা আগামী জানুয়ারি-২০২৩ মাসের ৩য় সপ্তাহের মধ্যে ২য় সভা এবং এপ্রিল-২০২৩ মাসের মধ্যে ৩য় সভাটি আয়োজন করতে হবে।	বাজেট ও পরিকল্পনা
০৬.	২০২২-২৩ অর্থ বছরের ২৮/০৭/২০২২ তারিখে অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় কার্যাদি সম্পন্ন করতে হবে।	প্রশাসন-৬ শাখা
০৭.	বার্ষিক উন্নয়ন কর্মসূচির নির্ধারিত অংশ ২০২২-২৩ অর্থবছরের মধ্যে ১০০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ
০৮.	প্রকল্পের PSC ও PIC'র নির্ধারিত সংখ্যক সভা নির্দিষ্ট সময়ের মধ্যে (৩য় কোয়ার্টার এবং ৪র্থ কোয়ার্টার) অবশ্যই সম্পন্ন করতে হবে।	আইপিএফএফ-২ এসইআইপি

০৯.	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। যানবাহন ব্যবহার নিশ্চিত করার জন্য জুন-২০২৩ মাসের মধ্যে ২য় সভার আয়োজন নিশ্চিত করতে হবে।	প্রশাসন-৬ শাখা
১০.	অর্থ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিয়মিত ও যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে।	যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা)/ এফএসএমইউ
১১.	কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে মহিলাদের পৃথক ওয়াশরুম ও নামাজের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) অনুবিভাগ

২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মিঃ ফাতিমা ইয়াসমিন  
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০৮৯.০৫.০০১.২২.১২০

তারিখ: ১১ পৌষ ১৪২৯

২৬ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা, অর্থ বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব, প্রবিধি, বাস্তবায়ন এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ, অর্থ বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ
- ৬) অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ
- ৭) যুগ্ম সচিব, বাজেট ও পরিকল্পনা, অর্থ বিভাগ
- ৮) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, অর্থ বিভাগ
- ৯) নির্বাহী প্রকল্প পরিচালক, স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি), প্রবাসী কল্যাণ ভবন (১৫ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ [দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট পরিঃ, মুঃ ও রিঃ, অর্থ বিভাগ]।
- ১০) প্রকল্প পরিচালক, ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফাইন্যান্সিং ফ্যাসিলিটি II (আইপিএফএফ II), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০ [দৃঃ আঃ উপসচিব, বাজেট-৩, অর্থ বিভাগ]।
- ১১) একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ১২) সিস্টেম এনালিস্ট, এফ এস এম ইউ, অর্থ বিভাগ
- ১৩) সহকারী সচিব, প্রশাসন-৬ শাখা, অর্থ বিভাগ
- ১৪) অফিস কপি



মোঃ শওকত আলী  
যুগ্ম সচিব